কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন- ৪ (বাজেট) অধিশাখা

নং- ১২.০২২.০৩৮.০০.০০.০৩.২০১৪- ৩৫৬ তারিখঃ ২৬/০২/১৪২১ বঙ্গাব্দ
০৯/০৬/২০১৪ খ্রিষ্টাব্দ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ বিগত রবি মৌসুমে শিলাবৃষ্টি/ঝড়/চিটায় ক্ষতিগ্রস্থ জেলাসহ নেরিকা চাষের সম্ভবনাময় জেলার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের খরিফ- ২/২০১৪- ১৫ মৌসুমে উফশী ও রোপা আমন চাষে সহায়তা প্রদানের লক্ষ্যে বিনামূল্যে বীজ ও সার সরবরাহ করার নিমিত্ত কৃষি পুনর্বাসন/প্রণোদনা কর্মসূচি প্রসঙ্গে।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে অর্থ বিভাগের সম্মতির পরিপ্রেক্ষিতে খরিফ ২/২০১৪- ১৫ মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের উফশী ও নেরিকা আমন চাষাবাদে সহায়তা প্রদানের লক্ষ্যে ১ বিঘা জমি চাষাবাদের জন্য ১০ কেজি বীজ, ২০কেজি ডিএপি, ১০কেজি এমওপি সার প্রদানের লক্ষ্যে রোপা আমন (নেরিকা) চাষাবাদে মোট ৫০০০০ বিঘা জমির জন্য ৫৪৫.০০ লক্ষ টাকা এবং জেলা সদরের আনুসাংগিক ব্যয় ০.৯০ লক্ষ টাকাসহ সর্বমোট ৫৪৫.৯০ লক্ষ টাকা এবং রোপা আমন উফশী জাত ৫১৭২২ বিঘা জমির জন্য মোট ৪৫৩.৮৬০৫৫ লক্ষ টাকা অর্থাৎ সর্বমোট (৫০০০০+৫১৭২২)= ১,০১৭২২ বিঘা জমি চাষাবাদের জন্য ৯৯৯.৭৬০৫৫ লক্ষ (নয় কোটি নিরানব্বই লক্ষ ছিয়াত্তর হাজার পঞ্চান্ন টাকা) টাকা ছাড়ের জন্য ২০১৩- ১৪ অর্থ বছরের সংশোধিত বাজেটে কৃষি মন্ত্রণালয়ের অনুকূলে ৩- ৪৩০১- ০০১২- ৫৯৭১- কৃষি পুনর্বাসন মঞ্জুরী খাতে বরাদ্দকৃত ৬০০০.০০ লক্ষ (ষাট কোটি) এবং ৩- ৪৩০১- ০০১২-৫৯৭৭ –অন্যান্য মঞ্জুরী খাতে বরাদ্দকৃত ২১৫.০০ লক্ষ (দুই কোটি পনের লক্ষ) টাকাসহ সর্বমোট (৬০০০.০০+২১৫.০০)= ৬২১৫.০০ লক্ষ (বাষট্টি কোটি পনের লক্ষ) টাকা হতে ১০০০.০০ লক্ষ (দশ কোটি) টাকা সংশ্লিষ্ট জেলার কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও জেলা প্রশাসক এর অনুকূলে নিম্নরূপ শর্তাবলীর আলোকে ব্যয় করার জন্য এতদ্বারা ছাড় ও ব্যয়ের জন্য অগ্রিম উত্তোলনে সম্মতি জ্ঞাপন করছি। সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি এ অর্থ ব্যয়ে খরিফ- ২/২০১৪- ১৫ মৌসুমে উফশী রোপা আমন চাষে প্রণীত বাস্তবায়ন নীতিমালা /পদ্ধতির নিম্নরূপ শর্তাবলী এবং যাবতীয় আর্থিক বিধি বিধান অনুসরণ করবেন।

ক) ২০১৩-১৪ অর্থ বছরে রোপা আমন ফসলে (নেরিকা জাত) প্রণোদনা কর্মসূচী

ক্রঃ নঃ	জেলার নাম	কর্মসূচির লক্ষ্যমাত্রা (বিঘা)	উপকরণের পরিমাণ (মেঃ টন)				উপকরণের ব্যয় (লক্ষ টাকা)				পরিবহণ ব্যয় (লক্ষ টাকা)	আনুসাংগিক ও অপ্রত্যাশিত ব্যয় (লক্ষ টাকা)	মোট বরাদ্দ (লক্ষ টাকা)
			বীজ	ডিএপি	এমওপি	মোট	বীজ	ডিএপি	এমওপি	মোট			
১	২		৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
১	নরসিংদী	৫৬৫	৫.৬৫	১১.৩০	৫.৬৫	২২.৬০	২.০৩৪	২.৮২৫	০.৭০৮৫	৫.৫৯৩৫	০.৪৫২০	০.১১৩০	৬.১৫৮৫
২	টাঙ্গাইল	১৫৬০	১৫.৬০	৩১.২০	১৫.৬০	৬২.৪০	৫.৬১৬	৭.৮০০	২.০২৮০	১৫.৪৪৪০	১.২৪৮০	০.৩১২০	১৭.০০৪০
৩	ময়মনসিংহ	৩৯৪০	৩৯.৪০	৭৮.৮০	৩৯.৪০	১৫৭.৬০	১৪.১৮৪	১৯.৭০০	৫.১২২০	৩৯.০০৬০	৩.১৫২০	০.৭৮৮০	৪২.৯৪৬০
৪	শেরপুর	৯৪০	৯.৪০	১৮.৮০	৯.৪০	৩৭.৬০	৩.৩৮৪	৪.৭০০	১.২২২০	৯.৩০৬০	০.৭৫২০	০.১৮৮০	১০.২৪৬০
৫	নেত্রকোনা	১৮১০	১৮.১০	৩৬.২০	১৮.১০	৭২.৪০	৬.৫১৬	৯.০৫০	২.৩৫৩০	১৭.৯১৯০	১.৪৪৮০	০.৩৬২০	১৯.৭২৯০
৬	কিশোরগঞ্জ	১১২০	১১.২০	২২.৪০	১১.২০	৪৪.৮০	৪.০৩২	৫.৬০০	১.৪৫৬০	১১.০৮৮০	০.৮৯৬০	০.২২৪০	১২.২০৮০
৭	কুমিল্লা	১৯২০	১৯.২০	৩৮.৪০	১৯.২০	৭৬.৮০	৬.৯১২	৯.৬০০	২.৪৯৬০	১৯.০০৮০	১.৫৩৬০	০.৩৮৪০	২০.৯২৮০
৮	বি-বাড়িয়া	৭৩৫	৭.৩৫	১৪.৭০	৭.৩৫	২৯.৪০	২.৬৪৬	৩.৬৭৫	০.৯৫৫৫	৭.২৭৬৫	০.৫৮৮০	০.১৪৭০	৮.০১১৫
৯	সিলেট	১৭৭০	১৭.৭০	৩৫.৪০	১৭.৭০	৭০.৮০	৬.৩৭২	৮.৮৫০	২.৩০১০	১৭.৫২৩০	১.৪১৬০	০.৩৫৪০	১৯.২৯৩০
১০	হবিগঞ্জ	১২১০	১২.১০	২৪.২০	১২.১০	৪৮.৪০	৪.৩৫৬	৬.০৫০	১.৫৭৩০	১১.৯৭৯০	০.৯৬৮০	০.২৪২০	১৩.১৮৯০
১১	সুনামগঞ্জ	৯৭০	৯.৭০	১৯.৪০	৯.৭০	৩৮.৮০	৩.৪৯২	৪.৮৫০	১.২৬১০	৯.৬০৩০	০.৭৭৬০	০.১৯৪০	১০.৫৭৩০
১২	নোয়াখালী	৯৯০	৯.৯০	১৯.৮০	৯.৯০	৩৯.৬০	৩.৫৬৪	৪.৯৫০	১.২৮৭০	৯.৮০১০	০.৭৯২০	০.১৯৮০	১০.৭৯১০
১৩	রাজশাহী	১১৪৫	১১.৪৫	২২.৯০	১১.৪৫	৪৫.৮০	৪.১২২	৫.৭২৫	১.৪৮৮৫	১১.৩৩৫৫	০.৯১৬০	০.২২৯০	১২.৪৮০৫
১৪	নওগাঁ	৩২৯০	৩২.৯০	৬৫.৮০	৩২.৯০	১৩১.৬০	১১.৮৪৪	১৬.৪৫০	৪.২৭৭০	৩২.৫৭১০	২.৬৩২০	০.৬৫৮০	৩৫.৮৬১০
১৫	নাটোর	৮৯৫	৮.৯৫	১৭.৯০	৮.৯৫	৩৫.৮০	৩.২২২	৪.৪৭৫	১.১৬৩৫	৮.৮৬০৫	০.৭১৬০	০.১৭৯০	৯.৭৫৫৫
১৬	নবাবগঞ্জ	৮৬৫	৮.৬৫	১৭.৩০	৮.৬৫	৩৪.৬০	৩.১১৪	৪.৩২৫	১.১২৪৫	৮.৫৬৩৫	০.৬৯২০	০.১৭৩০	৯.৪২৮৫
১৭	বগুড়া	৩০৩৫	৩০.৩৫	৬০.৭০	৩০.৩৫	১২১.৪০	১০.৯২৬	১৫.১৭৫	৩.৯৪৫৫	৩০.০৪৬৫	২.৪২৮০	০.৬০৭০	৩৩.০৮১৫
১৮	জয়পুরহাট	১৩১০	১৩.১০	২৬.২০	১৩.১০	৫২.৪০	৪.৭১৬	৬.৫৫০	১.৭০৩০	১২.৯৬৯০	১.০৪৮০	০.২৬২০	১৪.২৭৯০
.১৯	পাবনা	৮২০	৮.২০	১৬.৪০	৮.২০	৩২.৮০	২.৯৫২	৪.১০০	১.০৬৬০	৮.১১৮০	০.৬৫৬০	০.১৬৪০	৮.৯৩৮০
২০	গাইবান্ধা	২০১৫	২০.১৫	৪০.৩০	২০.১৫	৮০.৬০	৭.২৫৪	১০.০৭৫	২.৬১৯৫	১৯.৯৪৮৫	১.৬১২০	০.৪০৩০	২১.৯৬৩৫
২১	কুড়িগ্রাম	১৭৯৫	১৭.৯৫	৩৫.৯০	১৭.৯৫	৭১.৮০	৬.৪৬২	৮.৯৭৫	২.৩৩৩৫	১৭.৭৭০৫	১.৪৩৬০	০.৩৫৯০	১৯.৫৬৫৫
২২	নীলফামারী	১৯২০	১৯.২০	৩৮.৪০	১৯.২০	৭৬.৮০	৬.৯১২	৯.৬০০	২.৪৯৬০	১৯.০০৮০	১.৫৩৬০	০.৩৮৪০	২০.৯২৮০
২৩	দিনাজপুর	৪৩২০	৪৩.২০	৮৬.৪০	৪৩.২০	১৭২.৮০	১৫.৫৫২	২১.৬০০	৫.৬১৬০	৪২.৭৬৮০	৩.৪৫৬০	০.৮৬৪০	৪৭.০৮৮০
২৪	ঠাকুরগাঁও	২৩৭৫	২৩.৭৫	৪৭.৫০	২৩.৭৫	৯৫.০০	৮.৫৫০	১১.৮৭৫	৩.০৮৭৫	২৩.৫১২৫	১.৯০০০	০.৪৭৫০	২৫.৮৮৭৫
২৫	পঞ্চগড়	১৬২০	১৬.২০	৩২.৪০	১৬.২০	৬৪.৮০	৫.৮৩২	৮.১০০	২.১০৬০	১৬.০৩৮০	১.২৯৬০	০.৩২৪০	১৭.৬৫৮০

চলমান পাতা - ২

ক্রঃ নঃ	জেলার নাম	কর্মসূচির লক্ষ্যমাত্রা (বিঘা)	উপকরণের পরিমাণ (মেঃ টন) বীজ	ডিএপি	এমওপি	মোট	উপকরণের ব্যয় (লক্ষ টাকা) বীজ	ডিএপি	এমওপি	মোট	পরিবহণ ব্যয় (লক্ষ টাকা)	অনুসাংগিক ও অপ্রত্যাশিত ব্যয় (লক্ষ টাকা)	মোট বরাদ্দ (লক্ষ টাকা)
১	২		৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
২৬	ঝিনাইদহ	১৬৯০	১৬.৯০	৩৩.৮০	১৬.৯০	৬৭.৬০	৬.০৮৪	৮.৪৫০	২.১৯৭০	১৬.৭৩১০	১.৩৫২০	০.৩৩৮০	১৮.৪২১০
২৭	মাগুড়া	৯৯০	৯.৯০	১৯.৮০	৯.৯০	৩৯.৬০	৩.৫৬৪	৪.৯৫০	১.২৮৭০	৯.৮০১০	০.৭৯২০	০.১৯৮০	১০.৭৯১০
২৮	বাগের হাট	৫০০	৫.০০	১০.০০	৫.০০	২০.০০	১.৮০০	২.৫০০	০.৬৫০০	৪.৯৫০০	০.৪০০০	০.১০০০	৫.৪৫০০
২৯	সাতক্ষীরা	১৬৯০	১৬.৯০	৩৩.৮০	১৬.৯০	৬৭.৬০	৬.০৮৪	৮.৪৫০	২.১৯৭০	১৬.৭৩১০	১.৩৫২০	০.৩৩৮০	১৮.৪২১০
৩০	বরিশাল	৮৩০	৮.৩০	১৬.৬০	৮.৩০	৩৩.২০	২.৯৮৮	৪.১৫০	১.০৭৯০	৮.২১৭০	০.৬৬৪০	০.১৬৬০	৯.০৪৭০
৩১	ভোলা	১৩৬৫	১৩.৬৫	২৭.৩০	১৩.৬৫	৫৪.৬০	৪.৯১৪	৬.৮২৫	১.৭৭৪৫	১৩.৫১৩৫	১.০৯২০	০.২৭৩০	১৪.৮৭৮৫
	মোট	৫০০০০	৫০০.০০	১০০০.০০	৫০০.০০	২০০০.০০	১৮০.০০	২৫০.০০	৬৫.০০০	৪৯৫.০০	৪০.০০০০	১০.০০০০	৫৪৫.০০০০
জেলা সদরের আনুসাংগিক													০.৯০০০
ক) মোট													৫৪৫.৯০

খ) রোপা আমন ফসলে (উফশী জাত) কৃষি পুর্নবাসন/প্রণোদনা কর্মসূচী

ক্র: নং	জেলার নাম	কর্মসূচির লক্ষ্যমাত্রা (বিঘা)	উপকরণের পরিমাণ (মেঃ টন) বীজ	ডিএপি	এমওপি	মোট	উপকরণের ব্যয় (লক্ষ টাকা) বীজ	ডিএপি	এমওপি	মোট	পরিবহণ ব্যয় (লক্ষ টাকা)	আনুসাংগিক ব্যয় (লক্ষ টাকা)	মোট বরাদ্দ (লক্ষ টাকা)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
১	নরসিংদী	১৯০	০.৯৫০	৩.৮০০	১.৯০০	৬.৬৫০	০.৩০৪০০	০.৯৫০০০	০.২৪৭০০	১.৫০১০০	০.১৩৩০০	০.০৩৩২৫	১.৬৬৭২৫
২	টাঙ্গাইল	২১০	১.০৫০	৪.২০০	২.১০০	৭.৩৫০	০.৩৩৬০০	১.০৫০০০	০.২৭৩০০	১.৬৫৯০০	০.১৪৭০০	০.০৩৬৭৫	১.৮৪২৭৫
৩	শেরপুর	২০০০	১০.০০০	৪০.০০০	২০.০০০	৭০.০০০	৩.২০০০০	১০.০০০০০	২.৬০০০০	১৫.৮০০০০	১.৪০০০০	০.৩৫০০০	১৭.৫৫০০০
৪	নেত্রকোনা	১৪৯৮০	৭৪.৯০০	২৯৯.৬০০	১৪৯.৮০০	৫২৪.৩০০	২৩.৯৬৮০০	৭৪.৯০০০০	১৯.৪৭৪০০	১১৮.৩৪২০০	১০.৪৮৬০০	২.৬২১৫০	১৩১.৪৪৯৫০
৫	কিশোরগঞ্জ	৫৫৫৫	২৭.৭৭৫	১১১.১০০	৫৫.৫৫০	১৯৪.৪২৫	৮.৮৮৮০০	২৭.৭৭৫০০	৭.২২১৫০	৪৩.৮৮৪৫০	৩.৮৮৮৫০	০.৯৭২১৩	৪৮.৭৪৫১৩
৬	কুমিলা	৮৬৫	৪.৩২৫	১৭.৩০০	৮.৬৫০	৩০.২৭৫	১.৩৮৪০০	৪.৩২৫০০	১.১২৪৫০	৬.৮৩৩৫০	০.৬০৫৫০	০.১৫১৩৮	৭.৫৯০৩৮
৭	বি-বাড়িয়া	২৩৭০	১১.৮৫০	৪৭.৪০০	২৩.৭০০	৮২.৯৫০	৩.৭৯২০০	১১.৮৫০০০	৩.০৮১০০	১৮.৭২৩০০	১.৬৫৯০০	০.৪১৪৭৫	২০.৭৯৬৭৫
৮	হবিগঞ্জ	৮৬৮০	৪৩.৪০০	১৭৩.৬০০	৮৬.৮০০	৩০৩.৮০০	১৩.৮৮৮০০	৪৩.৪০০০০	১১.২৮৪০০	৬৮.৫৭২০০	৬.০৭৬০০	১.৫১৯০০	৭৬.১৬৭০০
৯	সুনামগঞ্জ	৪৬৭৫	২৩.৩৭৫	৯৩.৫০০	৪৬.৭৫০	১৬৩.৬২৫	৭.৪৮০০০	২৩.৩৭৫০০	৬.০৭৭৫০	৩৬.৯৩২৫০	৩.২৭২৫০	০.৮১৮১৩	৪১.০২৩১৩
১০	নোয়াখালী	৩১২৫	১৫.৬২৫	৬২.৫০০	৩১.২৫০	১০৯.৩৭৫	৫.০০০০০	১৫.৬২৫০০	৪.০৬২৫০	২৪.৬৮৭৫০	২.১৮৭৫০	০.৫৪৬৮৮	২৭.৪২১৮৮
১১	রাজশাহী	২৪৫০	১২.২৫০	৪৯.০০০	২৪.৫০০	৮৫.৭৫০	৩.৯২০০০	১২.২৫০০০	৩.১৮৫০০	১৯.৩৫৫০০	১.৭১৫০০	০.৪২৮৭৫	২১.৪৯৮৭৫
১২	নওগাঁ	৩৮৫	১.৯২৫	৭.৭০০	৩.৮৫০	১৩.৪৭৫	০.৬১৬০০	১.৯২৫০০	০.৫০০৫০	৩.০৪১৫০	০.২৬৯৫০	০.০৬৭৩৮	৩.৩৭৮৩৮
১৩	নাটোর	২২৫	১.১২৫	৪.৫০০	২.২৫০	৭.৮৭৫	০.৩৬০০০	১.১২৫০০	০.২৯২৫০	১.৭৭৭৫০	০.১৫৭৫০	০.০৩৯৩৮	১.৯৭৪৩৮
১৪	নবাবগঞ্জ	৮০০	৪.০০০	১৬.০০০	৮.০০০	২৮.০০০	১.২৮০০০	৪.০০০০০	১.০৪০০০	৬.৩২০০০	০.৫৬০০০	০.১৪০০০	৭.০২০০০
১৫	জয়পুরহাট	৫০০	২.৫০০	১০.০০০	৫.০০০	১৭.৫০০	০.৮০০০০	২.৫০০০০	০.৬৫০০০	৩.৯৫০০০	০.৩৫০০০	০.০৮৭৫০	৪.৩৮৭৫০
১৬	পাবনা	৩০০	১.৫০০	৬.০০০	৩.০০০	১০.৫০০	০.৪৮০০০	১.৫০০০০	০.৩৯০০০	২.৩৭০০০	০.২১০০০	০.০৫২৫০	২.৬৩২৫০
১৭	গাইবান্ধা	৩২৫	১.৬২৫	৬.৫০০	৩.২৫০	১১.৩৭৫	০.৫২০০০	১.৬২৫০০	০.৪২২৫০	২.৫৬৭৫০	০.২২৭৫০	০.০৫৬৮৮	২.৮৫১৮৮
১৮	নীলফামারী	২৫০০	১২.৫০০	৫০.০০০	২৫.০০০	৮৭.৫০০	৪.০০০০০	১২.৫০০০০	৩.২৫০০০	১৯.৭৫০০০	১.৭৫০০০	০.৪৩৭৫০	২১.৯৩৭৫০
১৯	পঞ্চগড়	৩২৫	১.৬২৫	৬.৫০০	৩.২৫০	১১.৩৭৫	০.৫২০০০	১.৬২৫০০	০.৪২২৫০	২.৫৬৭৫০	০.২২৭৫০	০.০৫৬৮৮	২.৮৫১৮৮
২০	ঝিনাইদহ	২২৭	১.১৩৫	৪.৫৪০	২.২৭০	৭.৯৪৫	০.৩৬৩২০	১.১৩৫০০	০.২৯৫১০	১.৭৯৩৩০	০.১৫৮৯০	০.০৩৯৭৩	১.৯৯১৯৩
২১	বাগের হাট	১০৩৫	৫.১৭৫	২০.৭০০	১০.৩৫০	৩৬.২২৫	১.৬৫৬০০	৫.১৭৫০০	১.৩৪৫৫০	৮.১৭৬৫০	০.৭২৪৫০	০.১৮১১৩	৯.০৮২১৩
খ) মোট		৫১৭২২	২৫৮.৬১০	১০৩৪.৪৪০	৫১৭.২২০	১৮১০.২৭০	৮২.৭৫৫২০	২৫৮.৬১০০০	৬৭.২৩৮৬০	৪০৮.৬০৩৮০	৩৬.২০৫৪০	৯.০৫১৩৫	৪৫৩.৮৬০৫৫
সর্বমোট ক+খ)		১০১৭২২	৭৫৮.৬১	২০৩৪.৪৪	১০১৭.২২	৩৮১০.২৭	২৬২.৭৫৫২	৫০৮.৬১	১৩২.২৩৮৬	৯০৩.৬০৩৮	৭৬.২০৫৪	১৯.০৫১৩৫	৯৯৯.৭৬০৫৫

২। শর্তাবলী ঃ

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

২. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার সরবরাহ করার ক্ষেত্রে এ সংক্রান্ত কর্মসূচির নীতিমালা অনুযায়ী বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে;

৪. ছাড়কৃত অর্থ উপর্যুক্ত খাত ব্যতীত অন্য কোন খাতে ব্যয় করা যাবে না;

৫. ছাড়কৃত অর্থ হতে চলতি ২০১৩-১৪ অর্থ বছরের অবশিষ্ট সময়ে প্রকৃতপক্ষে যে পরিমাণ অর্থ ব্যয় করা সম্ভব হবে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সে পরিমাণ অর্থের সরকারি আদেশ জারী করতে হবে;

৬. অগ্রিম উত্তোলনকৃত অর্থ ৩০ জুন ২০১৪ তারিখের মধ্যে সমন্বয় করতে হবে;

৭. অব্যয়িত অর্থ ৩০ জুন/২০১৪ তারিখের মধ্যে ১-৪৩০১-০০০১-২৬৭১-রাজস্ব প্রাপ্তি খাতে সরকারী কোষাগারে জমা প্রদান করে চালানের ফটোকপি প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং সচিব, কৃষি মন্ত্রণালয় এর নিকট প্রেরণ করতে হবে;

৮. "খরিফ-২/২০১৪-১৫" ব্যতীত অন্য কোন খাতে এ অর্থ ব্যয় করা যাবে না এবং পরবর্তীতে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী অর্থ বিভাগে প্রেরণের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৯. জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এতদসঙ্গে সংযুক্ত খরিফ-২ /২০১৪ -১৫ বাস্তবায়ন নীতিমালা / পদ্ধতি" অনুযায়ী উক্ত বরাদ্দকৃত অগ্রিম উত্তোলিত অর্থ দ্বারা উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির মাধ্যমে সংশ্লিষ্ট ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মধ্যে বীজ ও সার বিতরণ এবং সেচ ও আগাছা দমনের সহায়তার অর্থ সংশ্লিষ্ট কৃষকের একাউন্টে প্রদানের ব্যবস্থা করবেন। অতঃপর জেলা কৃষি পুনর্বাসন কমিটি সংশ্লিষ্ট উপজেলা

থেকে প্রাপ্ত প্রয়োজনীয় কাগজপত্রের ভিত্তিতে অগ্রীম উত্তোলিত অর্থ ৩০ জুন/২০১৪ তারিখের মধ্যে সমন্বয় করবেন এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয় এবং মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট অনুলিপি প্রদান করবেন। মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সংশ্লিষ্ট জেলা হতে সমন্বয়ের কপি সংগ্রহপূর্বক একত্রিত করে কার্যক্রম সমাপ্ত হওয়ার ১৫ দিনের মধ্যে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

১০. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক মনোনীত উপজেলা পর্যায়ের একজন কর্মকর্তা, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সংশ্লিষ্ট মেম্বারের উপস্থিতিতে নির্বাচিত কৃষকের তালিকা উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির মাধ্যমে অনুমোদনের পর উপজেলা সদর থেকে সংশ্লিষ্ট কৃষকের ছবি সম্বলিত মাস্টার রোলের মাধ্যমে কৃষি পুনর্বাসন সহায়তা বাবদ প্রাপ্ত উপকরণ কৃষকদের মাঝে বিতরণ করবেন। মাস্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি করবেন। এছাড়া ইউপি চেয়ারম্যান/সংশ্লিষ্ট মেম্বার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা ও উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক মনোনীত কর্মকর্তা এতে প্রতিস্বাক্ষর করবেন।

১১. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কৃষি সহায়তায় উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ইউনিয়নভিত্তিক বিতরণ রেজিষ্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং কৃষকের তালিকার ১ কপি উপ-পরিচালক, ডিএই-র নিকট প্রেরণ করবেন। উপ-পরিচালক (সংশ্লিষ্ট জেলার) উপজেলা থেকে প্রাপ্ত কৃষকের তালিকার ১ কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি ডিএই'র মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন।

আপনার বিশ্বস্ত,

(মো: আমিরুল ইসলাম)
উপ- সচিব
ফোনঃ ৯৫৪৫০৮১

নং- ১২.০২২.০৩৮.০০.০০.০৩.২০১৪ - ৩৫৬/১(১)   তারিখঃ ২৬/০২/১৪২১ বঙ্গাব্দ
০৯/০৬/২০১৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের দুইটি অনুলিপি অর্থ বিভাগে প্রেরণ করা হলো।

(মো: আমিরুল ইসলাম)
উপ- সচিব

নং-   তারিখঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের অনুলিপি প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি আছে।

(মোঃ তমিজুল ইসলাম খান)
সিনিয়র সহকারী সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

- ১২.০২২.০৩৮.০০.০০.০৩.২০১৪ - ৩৫৬/২(৯৯)   তারিখঃ ২৬/০২/১৪২১ বঙ্গাব্দ
০৯/০৬/২০১৪ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (প্র: ও উ:), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্ম- সচিব, (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৯. জেলা প্রশাসক (সকল), ---------------------- জেলা।
১০. উপ- পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সকল), ---------------------- জেলা।
১১. সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল), ---------------------- জেলা।
১৩. হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মো: আমিরুল ইসলাম)
উপ- সচিব

বাস্তবায়ন নীতিমালা/ পদ্ধতি ঃ -

১. কৃষক নির্বাচন, অগ্রাধিকার তালিকা প্রস্তুত ও অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির মাধ্যমে কৃষি পুনর্বাসন কার্যক্রমের নীতিমালা অনুযায়ী বাস্তবায়িত হবে।

২. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি রোপা আমনের অধীন জমি,আবাদ সম্ভাবনা ও বিগত বোরো মৌসুমের ক্ষয়ক্ষতির নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারন করে কর্মসূচির উপজেলাওয়ারী বিভাজন করবেন এবং জেলা অফিসের জন্য আনুসাংগিক খাতের বরাদ্দকৃত অর্থ ছাড়া অবশিষ্ট সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করবেন।

৩. চলতি খরিফ-২/২০১৪ মৌসুমে উফশী জাতের আমন চাষে সহযোগীতার জন্য প্রান্তিক ও ক্ষুদ্র কৃষক এ অনুদান সহায়তা পাবেন। নেরিকা ও উফশী জাতের আমন চাষের জন্য অনুমোদিত অগ্রাধিকার তালিকাভূক্ত প্রতি কৃষক সারণী-১ ও ২ এ বর্ণিত পরিমাণ বীজ ও সার অনুদান হিসেবে পাবেন। একজন চাষী পরিবারকে সর্বাধিক ১ (এক) বিঘা আমন জমির জন্য সহায়তা প্রদান করা যাবে। একজন কৃষক কেবল মাত্র উফশী অথবা নেরিকা যে কোন একটি কর্মসূচির আওতায় সহায়তা পাবেন। কোনক্রমেই একজন কৃষক উফশী এবং নেরিকা উভয় কর্মসূচির সহায়তা পাবেন না।

৪. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য নির্বাচিত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভূক্ত) প্রত্যেক কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি উপকরণ কার্ডের ভর্তুকী অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাষ্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। মাষ্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবি সংযুক্ত করতে হবে।

৫. প্রতি কৃষক ১ বিঘা জমির জন্য ১০(দশ) কেজি করে নেরিকা অথবা ৫ (পাঁচ) কেজি করে উফশী জাতের বীজ পাবেন। বিএডিসি নেরিকা জাতের ১০ (দশ) কেজি ও উফশী জাতের ৫ (পাঁচ) কেজির প্যাকেটে বীজ সরবরাহ করবে।

৬. মিনি প্যাকেটের ঝামেলা ও ওজন কমের বিড়ম্বনা এড়াতে সারের বস্তা ভেঙ্গে আলাদা আলাদা কৃষককে না দিয়ে এ কর্মসুচির আওতায় সহায়তা প্রাপ্তির জন্য অনুমোদিত তালিকাভূক্ত প্রতি ৫(পাঁচ) জন কৃষকের একটি

গ্রুপ করে প্রতি গ্রুপকে ২(দুই) বস্তা ডিএপি ও ১ (এক) বস্তা এমওপি সার বিতরণ করতে হবে। গ্রুপের চাষীরা প্রতিজনে বিঘা প্রতি ২০ (বিশ) কেজি ডিএপি ও ১০ (দশ) কেজি এমওপি সার নিজেদের মধ্যে ভাগ করে নিবেন। শুধুমাত্র বরাদ্দের হিসাব সমন্বয়ের ক্ষেত্রে প্রয়োজনে বস্তা ভেঙ্গে বিতরণ করা যাবে।

৭. এ কর্মসূচির সকল উপকরণ বিতরণ উপজেলা সদর থেকে করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভূক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ বিতরণ করা যাবে না বা এক জনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না।

৮. সকল প্রকার ব্যয় ও সমন্বয় আর্থিক বিধি বিধান অনুসরন করে করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত টাকা ব্যয় করা যাবে না।

৯. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনভাবেই বিলম্ব গ্রহণযোগ্য নয়। উপকরণ বিতরণ শেষ হওয়ার ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে খরচের সমন্বয় বিবরণী মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বরাবরে প্রেরণ করতে হবে।

১০. কর্মসূচির যাবতীয় সমন্বয় রেকর্ড পত্র অডিটের জন্য সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অফিসে সংরক্ষিত থাকবে।

১১. নেরিকা জাতের প্যাকেজ/কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে বিএডিসি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা ও নেরিকা জাতের জন্য অনুমোদিত অগ্রাধিকার তালিকাভূক্ত কৃষকদের প্রশিক্ষণ প্রদানসহ প্রয়োজনীয় সংখ্যক লিফলেট বিতরণের ব্যবস্থা করবে।